দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 9 1999
পৃঃ ৪ কলাম ৬

63

## ধূমপায়ী শিক্ষক-গুরুজনদের নিকট একটি প্রশ্ন

সভ্যতার চরম উন্নতির যুগেও কিছু কিছু বদঅভ্যাসের নিকট আমরা বন্দী হইয়া রহিয়াছি, যাহার মধ্যে ধূমপান অন্যতম। আজ পর্যন্ত কেহই ধূমপানের পক্ষে একটি যুক্তিও হাজির করিতে পারেন নাই। ধূমপানের কুফল সম্পর্কে সকলেই অবগত তথাপি ধূমপান হইতে মানব সমাজ মুক্ত হইতে পারিতেছে না। ইহা অত্যন্ত দুঃখজনক। ধূমপানের বিরুদ্ধে যত প্রচারণাই চালানো হউক না কেন, ধূমপায়ীদের সংখ্যা কিছুতেই কমিতেছে না। পথে-ঘাটে, স্কুলে-কলেজে, বাড়িতে সর্বত্রই ধূমপানের প্রবণতা লক্ষনীয়। পিতা-মাতা, গুরুজন, শিক্ষক সর্বদাই বলিয়া থাকেন ধূমপান হইতে ছেলেদের বিরত থাকিতে। অথচ তাঁহারাই ছেলেমেয়েদের সম্মুখে অবলীলায় ধূমপান করিতেছেন। এই অবস্থার পরিবর্তন হওয়া প্রয়োজন। এমতাবস্থায়, ধূমপায়ী শিক্ষক-গুরুজনদের নিকট বিনীত প্রশ্ন, তাঁহাদের এই বদঅভ্যাসটি কি ছেলেমেয়েদের জন্য অনুকরণীয় নয়?

ঝলক আহমেদ
৯৩১ আসাদ এ্যাভিনিউ,
মোহাম্মদপুর, ঢাকা।